গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আবদুল ওয়াহাব ভূঞা<br>মহাপরিচালক। |
| সভার তারিখ ও সময় | : | ১৫ নভেম্বর, ২০২২; সকাল ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-''ক'' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ১.১ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে অন্যূন একটি নৈতিকতা কমিটির সভা করার লক্ষ্যমাত্রা রয়েছে।

০২। সভায় গত ০৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখ অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেন :

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২.১ | অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট ডিপিপি যথাসময়ে প্রণয়ন ও সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে। ডিপিপি'র প্রস্তাব প্রেরণের পর সংশ্লিষ্ট দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে। পাশাপাশি প্রকল্প প্রস্তাবের অধিদপ্তরের সংশ্লিষ্ট অংশের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | • মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত ''৮টি বিভাগীয় শহরে এবং ১২টি জেলায় মাদকাসক্ত সনাক্তকরণ পরীক্ষা (ডোপটেস্ট) প্রবর্তন'' শীর্ষক প্রকল্পের বাস্তবায়নকাল সংশোধন করে (জুলাই, ২০২২ থেকে জুন, ২০২৫ এর পরিবর্তে জানুয়ারি, ২০২৩ থেকে ডিসেম্বর, ২০২৫) পুনর্গঠন করে সুরক্ষা সেবা বিভাগে ১৬ অক্টোবর, ২০২২ তারিখ পত্র প্রেরণ করা হয়। প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ হতে ০৩ নভেম্বর, ২০২২ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br>• মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্টাফদের জন্যপ্রশিক্ষণ একাডেমী নির্মাণের লক্ষ্যে প্রস্তাবিত কুষ্টিয়া জেলায় ২০.১৩১০ একর জমির স্থাপত্য নকশা ও মাস্টারপ্ল্যান দ্রুত প্রণয়ণের জন্য স্থাপত্য অধিদপ্তর বরাবর ২৪ অক্টোবর, ২০২২ তারিখ পত্র প্রেরণ করা হলে স্থাপত্য অধিদপ্তর ১৫ কর্মদিবস সময় চেয়ে ২৭ অক্টোবর, ২০২২ তারিখ এ অধিদপ্তরে পত্র প্রেরণ করেন।<br>• ''মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জেলা কার্যালয় (১ম পর্যায়ে ০৭টি) নির্মাণ" শীর্ষক প্রকল্প সংক্রান্ত স্থাপত্য অধিদপ্তরের প্রতিনিধিসহ মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ০৪ অক্টোবর, ২০২২ তারিখ এবং ০১ নভেম্বর, ২০২২ তারিখ ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক স্থাপত্য অধিদপ্তরে নকশা প্রণয়নের কাজ চলমান রয়েছে। |
| ২.২ | অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়গুলোর কর্মকর্তা-কর্মচারীগণকে আইটি বিষয়ে দক্ষ করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রাথমিকভাবে ২০ জনের একটি গ্রুপ তৈরি করে বেনবেইজ-এ প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | বেনবেইজ-এর প্রশিক্ষণ কেন্দ্রে তাদের নিজস্ব প্রশিক্ষণ চলমান থাকায় সেখানে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হচ্ছে না। তবে খুব শীঘ্রই বেনবেইজ এর প্রশিক্ষক দিয়ে এবং অধিদপ্তরের সিস্টেম এনালিস্ট এর সহযোগিতায় অধিদপ্তরের ল্যাবে প্রশিক্ষণ আয়োজন করা হবে। |
| ২.৩ | সমন্বিত খসড়া কর্মপরিকল্পনা (Comprehensive Action Plan) বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে যে বিভাগ, জেলা, উপজেলায় সভা/সেমিনার/কর্মশালা অনুষ্ঠিত হয়েছে তার তথ্যসহ পরিসংখ্যান প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে। | সমন্বিত খসড়া কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে যে বিভাগ, জেলা ও উপজেলায় সভা/সেমিনার/কর্মশালা অনুষ্ঠিত হয়েছে এ সংক্রান্ত তথ্য প্রেরণের নিমিত্ত ১৩ সেপ্টেম্বর, ২০২২ তারিখ মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়। ইতোমধ্যে ০৮ বিভাগীয় শহরে, ৬৩টি জেলায় এবং ৩৫২টি উপজেলায় কর্মশালা আয়োজন সম্পন্ন হয়েছে। |

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২.৪ | অধিদপ্তরের সকল সেবাবক্স যাচাইপূর্বক সকল শাখার তথ্যাবলী সংগ্রহপূর্বক হালনাগাদকরণে আরও সচেষ্ট হতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ৫টি (১. জাতীয় শুদ্ধাচার কৌশল, ২. সিটিজেন চার্টার, ৩. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ৪. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও ৫. তথ্য অধিকার) সেবাবক্স প্রস্তুতপূর্বক নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। এছাড়া অধিদপ্তরের কার্যক্রমের বিষয় সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। |

০৩। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ অক্টোবর, ২০২২ তারিখের ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী ১.৫ সূচকে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কাজের স্থলে ৪টি কাজ করতে হবে-বিষয়টি আলোচনা হয়। | শুদ্ধাচার কর্মপরিকল্পনা সূচক ১.৫-এ কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কাজের স্থলে ৪টি কাজ করতে হবে। | পরিচালক (প্রশাসন/উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)/সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৩.২ | প্রধান কার্যালয়ের সিঁড়ি ও জরুরি বর্হিগমন পথ সকল প্রকার মালামাল মুক্ত রাখার বিষয়ে আলোচনা হয়। | প্রধান কার্যালয়ের সিঁড়ি ও জরুরি বর্হিগমন পথ সকল প্রকার মালামাল মুক্ত রাখতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৩.৩ | কর্মপরিবেশ উন্নয়নে দৃশ্যমান কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। | কর্মপরিবেশ উন্নয়নে অনূন্য ০১টি ফাস্টএইড বক্স স্থাপন করতে হবে। উক্ত বক্স স্থাপনের পূর্বে ও পরের ছবি প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস) |
| ৩.৪ | দ্বিতীয় ত্রৈমাসিকের কার্যক্রম হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন এবং সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বিষয়ে অগ্রগতি যথাসময়ে দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (জনসংযোগ) |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১. ৬৩৭৬

তারিখ: ০৮ অগ্রহায়ন, ১৪২৯
২৩ নভেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। উপপরিচালক (......................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,...........................।
৮। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯। সহকারী পরিচালক (......................) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.........................।
১০। স্টাফ অফিসার টু ডিজি (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। অফিস কপি।

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)